# কুরআন মাজিদ ও তাজভিদ

ইবতেদায়ি

দ্বিতীয় শ্রেণি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ২০১৩ শিক্ষাবর্ষ থেকে
ইবতেদায়ি দ্বিতীয় শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত

# اَلْقُرْاٰنُ الْمَجِيْدُ وَالتَّجْوِيْدُ

# কুরআন মাজিদ ও তাজভিদ

## ইবতেদায়ি দ্বিতীয় শ্রেণি


রচনা ও সংকলন

আ.ন.ম. আব্দুল কাইউম খন্দকার

মুহাম্মদ আখতার ফারুক

মুহাম্মদ মামুনুর রশিদ

সম্পাদনা

আ.খ.ম. আবুবকর সিদ্দীক



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ কর্তৃক প্রকাশিত

[ প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত ]

প্রথম প্রকাশ : সেপ্টেম্বর, ২০১৩
পরিমার্জিত সংস্করণ : সেপ্টেম্বর, ২০১৭
পুনর্মুদ্রণ : , ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে :

বিসমিল্লাহির রহমানির রহিম

# প্রসঙ্গ-কথা

শিক্ষা জাতীয় উন্নয়নের পূর্বশর্ত। পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করে বাংলাদেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যাওয়ার জন্য দেশপ্রেমে উদ্বুদ্ধ, সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়বদ্ধ, নৈতিকতা সম্পন্ন সুশিক্ষিত জনশক্তি প্রয়োজন। আল্লাহ তাআলা ও তাঁর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নির্দেশিত পন্থায় ইসলাম ধর্মের বিশুদ্ধ আকিদা-বিশ্বাসের প্রতি দৃঢ় আস্থা অনুযায়ী জীবন গঠনের মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় পারদর্শী সুনাগরিক তৈরি করা এবং জাতীয় উন্নয়নে অবদান রাখাই মাদ্রাসা শিক্ষার লক্ষ্য।

জাতীয় শিক্ষানীতি-২০১০ এর লক্ষ্য-উদ্দেশ্য সামনে রেখে পরিমার্জন করা হয়েছে মাদ্রাসা শিক্ষাধারার শিক্ষাক্রম। পরিমার্জিত শিক্ষাক্রমে জাতীয় আদর্শ, লক্ষ্য-উদ্দেশ্য ও সমকালীন চাহিদার প্রতিফলন ঘটানো হয়েছে। সেই সাথে শিক্ষার্থীদের বয়স, মেধা ও ধারণক্ষমতা অনুযায়ী শিখনফল নির্ধারণ করা হয়েছে। এছাড়া শিক্ষার্থীর ইসলামি মূল্যবোধ থেকে শুরু করে দেশপ্রেম ও মানবতাবোধ জাগ্রত করার চেষ্টা করা হয়েছে। একটি বিজ্ঞানমনস্ক জাতি গঠনের জন্য জীবনের প্রতিটি ক্ষেত্রে বিজ্ঞানের স্বতস্ফূর্ত প্রয়োগ ও **ডিজিটাল বাংলাদেশের রূপকল্প-২০২১** এর লক্ষ্য বাস্তবায়নে শিক্ষার্থীদের সক্ষম করে তোলার চেষ্টা করা হয়েছে।

মাদ্রাসা শিক্ষা ধারার শিক্ষাক্রমের আলোকে প্রণীত হয়েছে ইবতেদায়ি ও দাখিল স্তরের ইসলামি ও আরবি বিষয়ের সকল পাঠ্যপুস্তক। এতে শিক্ষার্থীদের বয়স, প্রবণতা, শ্রেণি, ধারণক্ষমতা ও পূর্ব অভিজ্ঞতাকে গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। পাঠ্যপুস্তকগুলোর বিষয় নির্বাচন ও উপস্থাপনের ক্ষেত্রে শিক্ষার্থীর সৃজনশীল প্রতিভার বিকাশ সাধনের দিকেও বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

কুরআন মাজিদ আল্লাহ তাআলার মহান বাণী ও ইসলামি শরিয়তের মূল উৎস। কুরআন অনুযায়ী জীবন গঠনের জন্য এর পঠন শিক্ষা, বিশুদ্ধ তেলাওয়াত এবং এর অর্থ ও ব্যাখ্যা জানা প্রয়োজন। এ উদ্দেশ্যকে সামনে রেখে **"কুরআন মাজিদ ও তাজভিদ"** পাঠ্যপুস্তকটি প্রণয়ন করা হয়েছে। পাঠ্যপুস্তকে বাংলা বানানের ক্ষেত্রে বাংলা একাডেমির বানানরীতি এবং পবিত্র কুরআন শরিফ থেকে উদ্ধৃত আয়াতের অনুবাদের ক্ষেত্রে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত **'আল-কুরআনুল করীম'** এর অনুবাদ অনুসরণ করা হয়েছে।

একবিংশ শতকের অঙ্গীকার ও প্রত্যয়কে সামনে রেখে বিভিন্ন পর্যায়ে বিশেষজ্ঞ আলেম, কারিকুলাম বিশেষজ্ঞ, শ্রেণিশিক্ষক, শিক্ষক প্রশিক্ষক এবং ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ-এর প্রতিনিধির সমন্বয়ে সংশোধন ও পরিমার্জন করে পাঠ্যপুস্তকটি অধিকতর পরিশুদ্ধ করা হয়েছে, যার প্রতিফলন বর্তমান সংস্করণে পাওয়া যাবে। এতদ্‌সত্ত্বেও কোনো প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে গঠনমূলক ও যুক্তিসঙ্গত পরামর্শ গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

পুস্তকটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন, পরিমার্জন ও প্রকাশনার কাজে যারা নিজেদের মেধা এবং শ্রম দিয়েছেন তাঁদের জানাই আন্তরিক মোবারকবাদ। যাদের জন্য পুস্তকটি রচিত হলো তারা যদি উপকৃত হয় তবেই আমাদের প্রচেষ্টা সার্থক হবে।

**প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্যা**
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

# সূচিপত্র


| ক্রমিক | অধ্যায়/ পরিচ্ছেদ/পাঠ | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ | প্রথম অধ্যায় | কুরআন মাজিদ পঠন শিক্ষা | ৫ |
| ২ | ১ম পরিচ্ছেদ | হরফ পরিচিতি | ৫ |
| ৩ | ১ম পাঠ | হরফের আসল রূপ ও মিলিত রূপ | ৫ |
| ৪ | ২য় পাঠ | শব্দ হতে হরফ শনাক্তকরণ | ৮ |
| ৫ | ২য় পরিচ্ছেদ | হরকত, সুকুন ও তাশদিদ | ১১ |
| ৬ | ১ম পাঠ | মাদ্দের হরফসহ আরবি হরফের উচ্চারণ | ১১ |
| ৭ | ২য় পাঠ | তিন হরফবিশিষ্ট শব্দে হরকতের প্রয়োগ ও উচ্চারণ | ১৪ |
| ৮ | ৩য় পাঠ | বিভিন্ন শব্দে হরকত, তানভিন ও সুকুনের প্রয়োগ ও উচ্চারণ | ১৬ |
| ৯ | ৪র্থ পাঠ | তিন বা ততোধিক হরফবিশিষ্ট শব্দে তাশদিদের প্রয়োগ ও উচ্চারণ | ১৯ |
| ১০ | ৫ম পাঠ | হুরূফে শামসিয়্যাহ ও হুরূফে কামারিয়্যাহ এর পরিচয় ও প্রয়োগ | ২১ |
| ১১ | ৬ষ্ঠ পাঠ | ওয়াজিব গুন্নাহর পরিচয় ও বিভিন্ন শব্দে তার উদাহরণ | ২৩ |
| ১২ | ৭ম পাঠ | ছোট ছোট বাক্য একত্রে উচ্চারণ | ২৫ |
| ১৩ | দ্বিতীয় অধ্যায় | হিফজ ও লেখা | ২৬ |
| ১৪ | ১ম পাঠ | সুরাতুল ফাতিহা | ২৬ |
| ১৫ | ২য় পাঠ | সুরাতুন নাসর | ২৬ |
| ১৬ | ৩য় পাঠ | সুরাতুল লাহাব | ২৭ |
| ১৭ | ৪র্থ পাঠ | সুরাতুল ইখলাস | ২৭ |
| ১৮ | ৫ম পাঠ | সুরাতুল ফালাক | ২৮ |
| ১৯ | ৬ষ্ঠ পাঠ | সুরাতুন নাস | ২৮ |
| ২০ | তৃতীয় অধ্যায় | তাজভিদ | ৩০ |
| ২১ | ১ম পাঠ | হরফসমূহের মাখরাজ | ৩০ |
| ২২ | ২য় পাঠ | মাদ্দ | ৩৪ |
| ২৩ | ৩য় পাঠ | নুন সাকিন ও তানভিনের পরিচয় | ৩৭ |
| ২৪ | | নমুনা প্রশ্ন | ৪১ |
| ২৫ | | শিক্ষক নির্দেশিকা | ৪৩ |

# প্রথম অধ্যায়
# কুরআন মাজিদ পঠন শিক্ষা

## প্রথম পরিচ্ছেদ

## হরফ পরিচিতি

### প্রথম পাঠ

### হরফের আসল রূপ ও মিলিত রূপ

**শিক্ষক নির্দেশিকা :**
শিক্ষক মহোদয় শিক্ষার্থীদের প্রথমে আরবি হরফ চিনাবেন এবং এক হরফের সাথে অন্য হরফ কিভাবে যুক্ত করতে হয় বোর্ড ব্যবহার করে তা শিখাবেন। যেমন, ع এর যুক্তরূপ হবে عـعـع , ج এর যুক্তরূপ হবে جـجـج
শিক্ষক মহোদয় নিচের হরফের মিলিত রূপকে উচ্চারণ করাবেন না, বরং মিলিতরূপে কি কি হরফে আছে তা শিখাবেন। যেমন: عبادة শব্দটিতে কি কি হরফ আছে তা শিখাবেন।

৬টি হরফ লেখার সময় ডানের হরফের সাথে মিলিত হয়; কিন্তু বামের হরফের সাথে মিলিত হয় না। তা হলো : ا-د-ذ-ر-ز-و যেমন–

جبال-يد-بذل-برحمة-يزول-موالي

আর ء হরফটি ডানে বা বামে কখনো মিলিত হয় না। যেমন, قراءة

এ ছাড়া বাকি ২২টি হরফ লেখার সময় ডানের ও বামের হরফের সাথে মিলিত হয়। ২২টি হরফের মিলিতরূপ হলো :

بـنـيـتـثـجـحـخـسـشـصـضـطـظـعـغـفـقـكـلـهـم

### হরফের আসল রূপ ও মিলিত রূপ

| মিলিত রূপ | আসল রূপ | মিলিত রূপ | আসল রূপ |
|---|---|---|---|
| عِبَادَةٌ | ع+ب+ا+د+ة | بَا | ب+ا |
| غُلُوْلٌ | غ+ل+و+ل | تَبِعَ | ت+ب+ع |
| فَرْحَةٌ | ف+ر+ح+ة | ثَمَنٌ | ث+م+ن |

| মিলিত রূপ | আসল রূপ | মিলিত রূপ | আসল রূপ |
|---|---|---|---|
| قَسَمٌ | ق+س+م | جَبَلٌ | ج+ب+ل |
| كَرِيْمٌ | ك+ر+ي+م | حَمِدَ | ح+م+د |
| لَدَيْنَا | ل+د+ي+ن+ا | دَهْرٌ | د+ه+ر |
| مَغْضُوْبٌ | م+غ+ض+و+ب | ذَنْبٌ | ذ+ن+ب |
| نَعْبُدُ | ن+ع+ب+د | رَحِيْمٌ | ر+ح+ي+م |
| وَكِيْلٌ | و+ك+ي+ل | زَمَانٌ | ز+م+ا+ن |
| هَدًى | ه+د+ي | سِحْرٌ | س+ح+ر |
| أَنْتُمْ | أ+ن+ت+م | شُهُوْدٌ | ش+ه+و+د |
| يُوَسْوِسُ | ي+و+س+و+س | صَالِحَةٌ | ص+ا+ل+ح+ة |
| تَسْتَغْفِرُ | ت+س+ت+غ+ف+ر | ضَعِيْفٌ | ض+ع+ي+ف |
| نَسْتَعِيْنُ | ن+س+ت+ع+ي+ن | طَيْرٌ | ط+ي+ر |
| نَنْتَصِرُ | ن+ن+ت+ص+ر | ظُلْمٌ | ظ+ل+م |
| اِجْتَنَبَ | ا+ج+ت+ن+ب | عَبْدُ | ع+ب+د |
| تَقَابَلَ | ت+ق+ا+ب+ل | اَكَلَ | ا+ك+ل |
| اِعْتَصَمَ | ا+ع+ت+ص+م | بَصُرَ | ب+ص+ر |
| اِنْفَطَرَ | ا+ن+ف+ط+ر | ثُعْبَانٌ | ث+ع+ب+ا+ن |

## অনুশীলনী

১। নিম্নের হরফগুলো পাশাপাশি মিলিয়ে লেখ :

| | | | |
|---|---|---|---|
| | س+ج+د | | ب+ع+ث |
| | م+ع+ب+و+د | | ت+ب+ع |
| | س+ل+ا+م | | ي+ه+ب+و+ا |
| | ت+ا+ء+م | | ح+م+ي+د |
| | ه+م+ز+ة | | ض+ع+ف |
| | ي+و+م | | ع+س+ع+س |

২। কয়টি হরফ বামে মিলিত হয় না? সেগুলো কী কী ?

৩। কোন হরফটি ডানে-বামে কারো সাথে মিলিত হয় না ? ৩টি উদাহরণ লেখ।

# দ্বিতীয় পাঠ

## শব্দ হতে হরফ শনাক্তকরণ

**শিক্ষক নির্দেশিকা :**
শিক্ষক মহোদয় একটি শব্দ বোর্ডে লিখে তার হরফগুলো শিক্ষার্থীদেরকে শনাক্ত করতে বলবেন এবং শব্দের প্রথমে, মাঝে ও শেষে আসলে হরফের রূপ কেমন হয় তার ধারণা দিবেন।

### নিচের শব্দগুলো হতে হরফ চিহ্নিত কর।

| | |
|---|---|
| س+م+ع | سَمِعَ |
| ن+ب+ط+ش | نَبْطِشُ |
| ت+ع+ي+ش | تَعِيْشُ |

### হরফগুলোর নাম পড় ও লেখ :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| له | مع | ظل | حج | حم | حب |
| كب | صبغ | يس | كيف | به | حي |
| كسب | سفح | عنهم | تجد | بصير | ضلع |
| ضلك | سجع | حبط | طلب | نفس | سعد |
| ثقلت | هلك | سهم | مسكين | أنعمت | يتلو |
| يستيقن | فاسق | تعلمون | تكاثر | تضليل | ينقلب |
| نبطش | مستضعفين | لنسئلنهم | لترونها | للعلمين | تجعلهما |
| عظيما | يومئذ | لعمتى | ستجدنى | فارتقب | منتقمون |
| خلقت | خالدين | صراط | فلاتخشوهم | رحمة | يأمر |
| اصحاب | مصيطر | قواريرا | كبرى | ليبلوكم | أوضعوا |

## অনুশীলনী

১। নিচের শব্দগুলোর হরফ পৃথক করে সামনের খালি ঘরে লেখ :

| | | | |
|---|---|---|---|
| | عَابِدُوْنَ | ش + ه + ي + د | شَهِيْدٌ |
| | يُوَسْوِسُ | | هَبْ لَنَا |
| | سَتَجِدُنِيْ | | نَسْتَعِيْنُ |
| | ثَقُلَتْ | | ضَلَالَةٌ |
| | مُسْتَضْعَفِيْنَ | | طَهَارَةٌ |
| | خَالِدِيْنَ | | يَنْظُرُوْنَ |
| | أَنْعَمْتَ | | مَغْضُوْبٌ |
| | رَحْمَةٌ | | نَعْبُدُ |

২। নিচের শব্দগুলোর হরফ পৃথক করে লেখ :

(উদাহরণ : الحمد = ا + ل + ح + م + د)

علم۔ينصر۔قاتل۔نسبح۔السماء۔اولئك۔خليفة۔يضحكون۔ترفعين۔

الارض۔كيف۔ينقصون۔

৩। শূন্যস্থান পূরণ কর :

ক. مغضوب = م + غ + ......... + و + ب

খ. شهود = ش + ...... + و + د

গ. نستغفر = ن + س + ت + ........ + ف + ر

ঘ. تكتمون = ت + ....... + ت + ....... + و + ن

ঙ. الظلمين = ا + ل + ..... + ...... + م + ي + ن

চ. كنتم = ك + ....... + ت + م

ছ. أهبطوا = ا + ..... + ب + ط + و + ا

জ. الملئكة = ا + ل + ...... + ل + ...... + ك + .....

৪। সঠিক উত্তরটি লেখ :

ক) ظ + ل + م + ا + ت = ظلمات / ظلمامت / ظلمت / ظملت

খ) ط + ه + ا + ر + ة = طهارة / طاهرة / طهرات / طهرت

গ) ت + ت + ق + و + ن = تقتون / تتقن / تتقون / تقون

ঘ) ا + ن + ز + ل = زنال / إنزال / أنزل / نزلا

ঙ) س + م + ع = سمع / عسم / مسع / يسمع

চ) خ + ل + ق + ك + م = خقلكم / خكلقم / خلكقم / خلقكم

৫। কোন হরফটি অতিরিক্ত তা নির্ণয় কর :

١. ستجدوني = س + ت + ج + د + و + ر + ن + ي

٢. عليهم = ع + ل + ل + ي + ه + م

٣. ربكم = ر + ب + ك + ي + م

٤. الناس = ا + ل + م + ن + ا + س

٥. رعد = ر + ع + ع + د

٦. قاموا = ق + ا + ب + م + و + ا

# দ্বিতীয় পরিচ্ছেদ
# হরকত, সুকুন ও তাশদিদ

## প্রথম পাঠ
## মাদ্দের হরফসহ আরবি হরফের উচ্চারণ

**শিক্ষক নির্দেশিকা :**

শিক্ষক মহোদয় শিক্ষার্থীদের বলবেন ـَـ এর বাম পাশে খালি আলিফ, ـُـ এর বাম পাশে জযমযুক্ত ওয়াও এবং ـِـ এর বামপাশে জযমযুক্ত ইয়া মাদ্দের হরফ। মাদ্দের হরফ হলে এক আলিফ টেনে পড়তে হয়। যথা: بَا ( বা আলিফ যবর বা), بِيْ (বা ইয়া যের বী--), بُوْ (বা ওয়াও পেশ বূ )। খাড়া যবর (ـٰـ) , খাড়া যের (ـٖـ), উল্টা পেশ (ـٗـ) হলেও এক আলিফ টেনে পড়তে হয়।

### মাদ্দের হরফসহ আরবি হরফসমূহ

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ثُوْ | ثِيْ | ثَا | تُوْ | تِيْ | تَا | بُوْ | بِيْ | بَا |
| خُوْ | خِيْ | خَا | حُوْ | حِيْ | حَا | جُوْ | جِيْ | جَا |
| رُوْ | رِيْ | رَا | ذُوْ | ذِيْ | ذَا | دُوْ | دِيْ | دَا |
| شُوْ | شِيْ | شَا | سُوْ | سِيْ | سَا | زُوْ | زِيْ | زَا |
| طُوْ | طِيْ | طَا | ضُوْ | ضِيْ | ضَا | صُوْ | صِيْ | صَا |
| غُوْ | غِيْ | غَا | عُوْ | عِيْ | عَا | ظُوْ | ظِيْ | ظَا |
| كُوْ | كِيْ | كَا | قُوْ | قِيْ | قَا | فُوْ | فِيْ | فَا |
| نُوْ | نِيْ | نَا | مُوْ | مِيْ | مَا | لُوْ | لِيْ | لَا |
| ءُوْ | ءِيْ | ءَا | هُوْ | هِيْ | هَا | وُوْ | وِيْ | وَا |
| خٰ | جٰ | ثٰ | تٰ | بٰ | اٰ | يُوْ | يِيْ | يَا |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| خٰ | دٰ | ذٰ | رٰ | زٰ | سٰ | شٰ | صٰ | ضٰ |
| طٰ | ظٰ | عٰ | غٰ | فٰ | قٰ | لٰ | مٰ | نٰ |
| وٰ | هٰ | ءٰ | يٰ | ا | بٖ | تٖ | ثٖ | جٖ |
| حٖ | خٖ | دٖ | ذٖ | رٖ | زٖ | سٖ | شٖ | صٖ |
| ضٖ | طٖ | ظٖ | عٖ | غٖ | فٖ | قٖ | لٖ | مٖ |
| نٖ | وٖ | هٖ | ءٖ | يٖ | اٗ | بٗ | تٗ | ثٗ |
| جٗ | حٗ | خٗ | دٗ | ذٗ | رٗ | زٗ | سٗ | شٗ |
| صٗ | ضٗ | طٗ | ظٗ | عٗ | غٗ | فٗ | قٗ | لٗ |
| مٗ | نٗ | وٗ | هٗ | ءٗ | يٗ | قَالَ | قِيْلَ | قَالُوْا |
| رَمٰى | دَعَا | اٰلْـٰٔنَ | بَلٰى | عَلٰى | كَفٰى | عَسٰى | سَعٰى | يَرٰى |
| اِلٰى | بِهٖ | لَهٗ | اٰوٰى | طَغٰى | اَوْحٰى | مَا اُبَا | عِيْسٰى | مُوْسٰى |
| يَسْعٰى | اَبْقٰى | | يَهْدِىْ | حَلِيْمًا | يُغْنِىْ | اُدْعُوْا | يَتْلُوْا | عَلِيْمًا |
| نُوْحِيْهَا | نُوْحٌ | | لُوْطٌ | فَاِذَا | عَلِيْمٌ | فِيْكَ | نَابٌ | قَالَ |
| يَذْكُرُوْنَ | دِيْنٌ | | هُوْدٌ | صُدُوْرٌ | كِتٰبٌ | سَمٰوٰتٌ | جَنّٰتٌ | كَلِمٰتٌ |
| اَحْكَامِهٖ | رُسُلِهٖ | | يُحْيِ | لِحُكْمِهٖ | بَعْدِهٖ | مَالُهٗ | نُوْرُهٗ | نَفْسُهٗ |
| نُخْلِفُهٗ | فِيْهِ | | عَدَدَهٗ | رَبَّهٗ | دَاوٗدُ | | | |

২০১৯

## অনুশীলনী

১. নিচের শব্দগুলো সহিহ করে পড়:

طِيْ - تِيْ - ثَا - سَا - صَا - صُوْ - ثُوْ - سُوْ - ثَا - ثِيْ - ثُوْا - يَا - بِيْ - يُوْ

২. নিচের শব্দগুলো থেকে মাদ্দের হরফ বের কর:

نُوْحٌ - بَاعَ - دَعَا - عَلِيْمٌ - دِيْنٌ - عِيْسٰى - فِيْكَ - هُوْدٌ - نُوْحِيْهَا -

نَفْسَهٗ - مَالُهٗ - يَسْعٰى - رُسُلِهٖ

৩. নিচের শব্দগুলোর হরফ পৃথক করে লেখ এবং মাদ্দের হরফের নিচে দাগ দাও:

উদাহরণ– عَلِيْمٌ = ع + ل + ي + م

مُوْسٰى - يَهْدِىْ - هُوْدٌ - قَالَ - نُوْرُهٗ - نُوْحِيْهَا - يَسْعٰى - يَذْكُرُوْنَ -

يَنْصُرَانِ

৪. শূন্যস্থান পূরণ কর:

ক) مُفْلِحُوْنَ = م + ف + ل + ح + ...... + ن

খ) تَقْوِيْمٌ = ت + ...... + و + ....... + م

গ) يُرِيْدُ = ي + ر + ..... + د

ঘ) جَاءَ = ج + ..... + ء

ঙ) غُثَاءٌ = غ + ث + ....... + ء

চ) سُوْءٌ = س + ..... + ء

# দ্বিতীয় পাঠ

## তিন হরফ বিশিষ্ট শব্দে হরকতের প্রয়োগ ও উচ্চারণ

**শিক্ষক নির্দেশিকা :**
শিক্ষক মহোদয় শব্দগুলোর বানান বিশুদ্ধ উচ্চারণসহ শিক্ষা দিবেন এবং তিন বা ততোধিক শব্দের বানান পদ্ধতি বোর্ডে লিখে বুঝিয়ে দিবেন ও মশ্‌ক করাবেন।

এক যবর (ـَـ), এক যের (ـِـ) ও এক পেশ (ـُـ) কে হরকত বলে। হরকতের উচ্চারণ তাড়াতাড়ি করতে হয়।

**নিচের শব্দগুলো বানান করে সহিহ উচ্চারণ কর :**

| | | | | |
|---|---|---|---|---|
| فَتَحَ | نَصَرَ | وَقَعَ | نَزَلَ | رَفَعَ |
| اَمَرَ | طَلَعَ | ذَبَحَ | ذَهَبَ | بَلَغَ |
| نَعِمَ | رَبِحَ | شَهِدَ | حَسِبَ | سَمِعَ |
| سَجَدَ | يَئِسَ | حَلِمَ | عَلِمَ | حَفِظَ |
| ضُرِبَ | قُرِئَ | نُشِرَ | قُتِلَ | خَلَقَ |
| طُبِعَ | صُبِغَ | دُعِيَ | اُخِذَ | جُعِلَ |
| قَرُبَ | ثَقُلَ | صَلُحَ | بَعُدَ | كَرُمَ |
| حَضُرَ | شَرُفَ | كَثُرَ | طَهُرَ | حَسُنَ |

## অনুশীলনী

১। নিচের শব্দগুলো বানান করে পড় :

وَقَعَ- كَرُمَ- حَسِبَ- بَعُدَ- خُلِقَ- صَلُحَ- صُبِغَ- ذَهَبَ- قَرَأَ

২। নিচের শব্দগুলোর প্রত্যেক হরফে যবর দাও অতঃপর বানান করে পড় :

بطر- ترك- جلس- خلق- حكم- درس- ربط- ذكر- زج- سقط -

شكر- صدق- ظهر- عبس- غسل- فتح- قتل- كتب- لعن - منع-

نصر- وقر- هدم- امر

৩। নিচের শব্দগুলোর প্রথম হরফে যবর, মাঝের হরফে যের এবং শেষের হরফে যবর দিয়ে লেখ অতঃপর বানান করে পড় :

بخل- تبع- جهل- حفظ- سمع- شرب- ضحك- صحب- طعم-

ظلم- ظفر- علم- غرق- فهم- قدم- كبر - لبس- مرح- مرض-

نفد- وجل

৪। নিচের শব্দগুলোর প্রথম হরফে যবর, দ্বিতীয় হরফে পেশ এবং শেষের হরফে যবর দিয়ে লেখ এবং বানান করে পড় :

قرب- كثر- عظم- طهر- كبر- لطف- شرف- حسن- بصر- ثقل

৫। নিচের শব্দগুলোর প্রথম হরফে পেশ, মাঝের হরফে যের এবং শেষের হরফে যবর দাও এবং বানান করে পড় :

بهت - ثخم - جعل - حمل - خلط - دفع - رفع - ذبح- صبر - زرع

- سعد - شهد- ضرب - ظلم- عرف - غفر - فتح - قطع - كشف -

لحق - وضع - نصح - هلك

## তৃতীয় পাঠ

## বিভিন্ন শব্দে হরকত, তানভিন ও সুকুনের প্রয়োগ ও উচ্চারণ

**শিক্ষক নির্দেশিকা :**
শিক্ষক মহোদয় বোর্ডে তানভিন ও সুকুনের চিহ্ন ভালোভাবে বুঝিয়ে দিবেন এবং তানভিন, সুকুন ও হরকতের প্রয়োগকৃত শব্দের বানান পদ্ধতি শিখাবেন ও যত্নসহকারে সহিহ উচ্চারণ করাবেন।

**তানভিন :** দুই যবর (ـً), দুই যের (ـٍ) ও দুই পেশ (ـٌ/ـٌ) কে তানভিন বলে।

**সুকুন :** হরফের উপরে বা নিচে কোনো হরকত অথবা তানভিন না থাকলে যে চিহ্ন (ـْ / ـْ / ـْ) ব্যবহার করা হয় তাকে সুকুন বা জযম বলে।

**হরকত, তানভিন ও সুকুন বিশিষ্ট শব্দ বানান কর এবং সহিহ উচ্চারণে পড় :**

| | | | | |
|---|---|---|---|---|
| جُوْعٍ | اَيْنَ | اَمِيْنٌ | كَرِيْمٌ | سَمِيْعٌ |
| سَعْيًا | عَادٍ | خَيْرٌ | خَوْفٍ | قَلَمٌ |
| يَوْمٍ | كَيْدًا | قَوْلٌ | صَمَدٌ | طَيْرًا |
| دَافِقٍ | حَاسِدٍ | لَوْحٍ | عَيْنٌ | وَيْلٌ |
| اَكِيْدُ | اَعُوْذُ | غَاسِقٍ | اِنْسَانٌ | شَاهِدٍ |
| مَفَازًا | مَتَاعًا | شُهُوْدٌ | طَعَامٍ | شِدَادًا |
| خَبِيْرًا | اَلِيْمٍ | وُجُوْهٌ | قُعُوْدٌ | وِفَاقًا |

২০২৫

| | | | | |
|---|---|---|---|---|
| كِرَامًا | اَثِيْمٍ | نَبَاتًا | رَحِيْقٍ | مَجِيْدٌ |
| لَيْلَةٌ | مِرْصَادٌ | ضِعْفًا | قُرَيْشٍ | ثُبُوْرًا |
| يُسْرًا | خُسْرٍ | نَشْطًا | مُطَاعٍ | تَعْلِيْمٌ |
| قُرْبَةٌ | مَخْتُوْمٍ | زَجْرَةٌ | مِسْكِيْنًا | تَكْذِيْبٍ |
| مُؤْصَدَةٌ | عِيْشَةٍ | تَذْكِرَةٌ | اَشْتَاتًا | مَصْفُوْفَةٍ |
| بِحِجَارَةٍ | يَوْمَئِذٍ | مَيْتًا | صُحُفًا | مِيْقَاتًا |
| اَعْطَيْنَا | يُوَسْوِسُ | فَارْغَبْ | تَجْرِىْ | سُطِحَتْ |
| عَصْفٍ | عَشْرٍ | عَدْنٍ | يَضْحَكُوْنَ | عَسْعَسَ |
| هُمَزَةٍ | كُفُوًا | غَاسِقٍ | تَبَارًا | مَمْدُوْدَةٌ |

## অনুশীলনী

১। নিচের শব্দগুলোর প্রথম হরফে যবর, দ্বিতীয় হরফে সুকুন ও শেষের দুই হরফে পেশ দিয়ে লেখ। অতঃপর বানান করে পড়:

يكتب - تعبد - ندرس - اقعد - يدخل - تمكث - نأمر - النصر -

يسقط - اصدق - نشكر - نخرج

২। নিচের শব্দগুলোর প্রথম হরফে যবর, দ্বিতীয় হরফে সুকুন, তৃতীয় হরফে যের এবং শেষ হরফে পেশ দিয়ে পড়:

نظلم - الزل - نكسب - يغسل - تكشف - اصبر - نغفر - يسرك

تحمل - اجلس - نرجع - يهلك - تغلب - اكسر - نعرس

৩। নিচের শব্দগুলোর প্রথম হরফে যবর, দ্বিতীয় হরফে সুকুন, তৃতীয় হরফে যবর এবং শেষ হরফে পেশ দিয়ে লেখ। অতঃপর বানান করে পড়:

تأمن - اعلم - نحفظ - يجهل - تضحك - احمد - نفرح - امدح

تزرع - نرفع - يطبخ - تركب - يفتح - ننصح - تسأل - امنع - يلعن

- تشهد - أأذن

৪। নিচের শব্দগুলোর শেষে যথাক্রমে ــً , ــٍ ও ــٌ দাও এবং বানান করে পড়:

خُلُقا - خُلُق - خُلُق - هَمْزَة - هَمْزَة - هَمْزَة - قَوما - قَوم - قَوم - كُفُوا -

كُفُو - كُفُو - صِدْقا - صِدْق - صِدْق - غُرْفَة - غُرْفَة - غُرْفَة - سَفَرَة

- سَفَرَة - سَفَرَة - بَرَرَة - بَرَرَة - بَرَرَة - كِذْبا - كِذْب - كِذْب - غَلَبَة -

غَلَبَة - غَلَبَة - جَهْلا - جَهْل - جَهْل - عِلْما - عِلْم - عِلْم

৫। নিচের শব্দগুলো বানান করে পড়:

خَوْفٍ - وُجُوْهٌ - عِيْشَةٍ - لَيْلَةٌ - عَدْنٍ - عَصْفٍ - كُفُوًا - مُؤْصَدَةٌ - لَطِيْفٌ -

ثُبُوْرًا - مَصْفُوْفَةٍ - تَعْلِيْمٌ - أَمِيْنٌ - يَضْحَكُوْنَ - تَجْرِىْ - حَامِيَةً

২০২৫

# চতুর্থ পাঠ

## তিন বা ততোধিক হরফ বিশিষ্ট শব্দে তাশদিদের প্রয়োগ ও উচ্চারণ

**শিক্ষক নির্দেশিকা :**
শিক্ষক মহোদয় বোর্ডে তাশদিদের চিহ্নটির অবস্থান ও তা উচ্চারণের পদ্ধতি শিক্ষার্থীদের ভালোভাবে বুঝিয়ে দিবেন।

### তাশদিদ :

(ـّ) এই চিহ্নটিকে তাশদিদ বলে। তাশদিদযুক্ত হরফ দুইবার পড়তে হয়। প্রথম বার তার ডানের হরফের হরকতের সাথে, দ্বিতীয়বার তার নিজের হরকতের সাথে। যেমন :

| উচ্চারণ | বানান |
|---|---|
| رَبَّ | رَ بْ بَ |
| سَبَّحَ | سَ بْ بَ حَ |
| حَقَّ | حَ قْ قَ |

### নিচের তাশদিদ বিশিষ্ট শব্দগুলো সহিহ উচ্চারণ করে পড় :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| حُصِّلَ | بُرِّزَ | جَدَّةٌ | صَدَّقَ | نَعَّمَ | حَلَّلَ |
| فُجِّرَتْ | قَدَّمَتْ | قُوَّةٌ | دُرَّةٌ | هَيِّنٌ | سَوَّلَتْ |
| يَشَّقَّقُ | دُرِّيٌّ | وَلِيٌّ | زُوِّجَتْ | كُوِّرَتْ | حُرِّمَتْ |
| حَيٌّ | قَيُّوْمٌ | مُتَكَبِّرٌ | ذُرِّيَّةٌ | وَهَّابٌ | مَكَّنَّا |
| مُطَهَّرَةٌ | فَمَتِّعُوْهُنَّ | عِلِّيُّوْنَ | مَحَبَّةٌ | كِذَّابًا | مُتَّقِيْنَ |
| طَلَّقْتُمُوْهُنَّ | سِجِّيْنٌ | كِذَّابًا | نَبِيٌّ | جَنَّا | لَاُصَلِّبَنَّكُمْ |
| مُمَدَّدَةٌ | لَيَقُوْلُنَّ | عَشِيَّةٌ | قُدِّرَ | يَصَّدَّعُوْنَ | مُسَوَّمَةٌ |

| | | | |
|---|---|---|---|
| مِنْ مَّنِيٍّ يُّمْنٰى | وَعَمِلُوا الصّٰلِحٰتِ | وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ | اَلْمُزَّمِّلُ |
| عَرَبِيٌّ مُّبِيْنٌ | وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ | اِنَّا زَيَّنَّا السَّمَآءَ | اَلنَّجْمُ الثَّاقِبُ |
| كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ | وَالتِّيْنِ وَالزَّيْتُوْنِ | بِالْخُنَّسِ الْجَوَارِ الْكُنَّسِ | |

তাশদিদযুক্ত হরফের যের কখনো হরফের নিচে, আবার কখনো তাশদিদের নিচে বসে থাকে। যেমন : بِرَبِّ الْفَلَقِ , وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ

## অনুশীলনী

১। বানান করে পড় :

الف) غَفَّارٌ۔شَرٌّ۔صَدَّقَ۔تَبَّتْ۔خُنَّاسِ۔تَخَلَّتْ۔مُدَّثِّرٌ۔عِلِّيُّوْنَ۔فَعَّالٌ۔رَبِّيٌّ
مَكِّيٌّ۔مَدَنِيٌّ۔قُرَشِيٌّ۔غَنِيٌّ۔عَرَبِيٌّ۔مَهْدِيٌّ

ب) اِطَّهَّرَ۔يَذَّكَّرُ۔مُزَّمِّلٌ۔اِدَّثِّرْ۔مُدَّثِّرٌ۔يَضَّرَّعُ۔مُسَّاقَطٌّ۔مُطَّهَّرَةٌ

২। নিচের শব্দগুলোর দ্বিতীয় হরফে তাশদিদ ও যবর (ـَّ) দাও। অতঃপর বানান করে পড় :

صَرفَ۔عَلمَ۔عَظمَ۔كَذبَ۔فَعالٌ۔سَبحُوْا۔سَلمْتُمْ۔مَلكْتَ۔غَفارٌ۔خُناسٍ۔فَضلَ

৩। নিচের শব্দগুলোর দ্বিতীয় হরফে তাশদিদ ও যের (ـِّ) দাও। অতঃপর বানান করে পড় :

عُذبَ۔رُغبَ۔صُدقَ۔بُلغَ نُورَ۔بُذرَ۔قُدمَ۔حُدثَ۔كُفرَ۔كُذبَ۔سُهلَ۔مُلكَ۔
عُوذَ۔عُطلَتْ۔كُورَتْ۔سُجرَتْ۔زُوجَتْ۔قُبلَتْ

৪। নিচের ঘরসমূহের মধ্যে পাশাপাশি দুইবার লিখিত হরফ তাশদিদ দিয়ে মিলিয়ে লেখ :

| | | | |
|---|---|---|---|
| | مصوور- | | رب ب- |
| | قيي ومـ- | | جدد- |
| | كذذب- | | حصصل- |
| | جننة- | | سججاد- |

২০২৫

## পঞ্চম পাঠ

# হুরূফে শামসিয়্যাহ ও কামারিয়্যাহ এর পরিচয় ও প্রয়োগ

**শিক্ষক নির্দেশিকা :**
শিক্ষক মহোদয় প্রয়োগকৃত বাক্য ও বাক্যাংশ বানান করে সহিহ উচ্চারণের মাধ্যমে হুরূফে শামসিয়্যাহ ও কামারিয়্যাহ এর পার্থক্য বুঝিয়ে দিবেন। শিক্ষার্থীদের বানান করে উচ্চারণ করা শিখাবেন।

## اَلْحُرُوْفُ الشَّمْسِيَّةُ (আলহুরূফুশ শামসিয়্যাহ)

### হুরূফে শামসিয়্যাহ :

যেসব শব্দের প্রথমে যুক্ত ال এর ل হরফটি উচ্চারিত হয়না এবং ل এর পরের হরফটিকে তাশদিদ দিয়ে পড়তে হয় সেসব হরফকে হুরূফে শামসিয়্যাহ বলে। যথা : اَلشَّمْسُ হুরূফে শামসিয়্যাহ ১৪টি। যথা :

ت-ث-د-ذ-ر-ز-س-ش-ص-ض-ط-ظ-ل-ن

### হুরূফে শামসিয়্যাহ এর প্রয়োগ

| প্রয়োগ | উদাহরণ | হুরূফে শামসিয়্যাহ | প্রয়োগ | উদাহরণ | হুরূফে শামসিয়্যাহ |
|---|---|---|---|---|---|
| تِلْكَ الشَّجَرَةُ | اَلشَّجَرَةُ | ش | هِيَ التَّوْبَةُ | اَلتَّوْبَةُ | ت |
| مِنَ الصُّلْبِ | اَلصُّلْبُ | ص | اَلنَّجْمُ الثَّاقِبُ | اَلثَّاقِبُ | ث |
| وَقْتُ الضُّحٰى | اَلضُّحٰى | ض | هُوَ الدَّاعِيْ | اَلدَّاعِيْ | د |
| وَالطَّارِقِ | اَلطَّارِقُ | ط | مِنَ الذِّكْرِ | اَلذِّكْرُ | ذ |
| مِنَ الظُّلَمِ | اَلظُّلَمِ | ظ | مِنَ الرَّحْمٰنِ | اَلرَّحْمٰنُ | ر |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| هُوَ اللَّطِيْفُ | اَللَّطِيْفُ | ل | هِيَ الزَّهْرَةُ | اَلزَّهْرَةُ | ز |
| اِلَى النُّوْرِ | اَلنُّوْرِ | ن | مِنَ السَّمَاءِ | اَلسَّمَاءُ | س |

## اَلْحُرُوْفُ الْقَمَرِيَّةُ (আলহুরূফুল কামারিয়্যাহ)

### হুরূফে কামারিয়্যাহ:

যেসব হরফের আগে যুক্ত ال এর ل পড়া হয় সেসব হরফকে হুরূফে কামারিয়্যাহ বলে। যেমন : اَلْقَمَرُ হুরূফে কামারিয়্যাহ ১৫টি। যথা:

ا-ب-ج-ح-خ-ع-غ-ف-ق-ك-م-و-ه-ء-ي

### হুরূফে কামারিয়্যাহ এর প্রয়োগ

| প্রয়োগ | উদাহরণ | হুরূফে কমারিয়্যাহ | প্রয়োগ | উদাহরণ | হুরূফে কমারিয়্যাহ |
|---|---|---|---|---|---|
| قَارِئُ الْقُرْاٰنِ | اَلْقُرْاٰنُ | ق | مِنَ الْبَيْتِ | اَلْبَيْتُ | ب |
| مِنَ الْكَوْثَرِ | اَلْكَوْثَرُ | ك | عَلَى الْجِبَالِ | اَلْجِبَالُ | ج |
| صَلٰوةُ الْمَغْرِبِ | اَلْمَغْرِبُ | م | اِنَّ الْحَمْدَ | اَلْحَمْدُ | ح |
| هُوَ الْوَدُوْدُ | اَلْوَدُوْدُ | و | جَاءَ الْخَلِيْلُ | اَلْخَلِيْلُ | خ |
| نُوْرُ الْهِدَايَةِ | اَلْهِدَايَةُ | ه | تَحْصِيْلُ الْعِلْمِ | اَلْعِلْمُ | ع |
| قُوَّةُ الْاِيْمَانِ | اَلْاِيْمَانُ | ء | مِنَ الْغَيْبِ | اَلْغَيْبُ | غ |

২০২৫

| | | | | | |
|---|---|---|---|---|---|
| مِنَ الْيَوْمِ | اَلْيَوْمُ | ى | وَقْتُ الْفَجْرِ | اَلْفَجْرُ | ف |

## অনুশীলনী

১। হুরূফে শামসিয়্যাহ কাকে বলে উদাহরণ দাও।

২। হুরূফে কামারিয়্যাহ কাকে বলে উদাহরণ দাও।

৩। কোনটি শামসিয়্যাহ এবং কোনটি কামারিয়্যাহ তা পৃথকভাবে সাজিয়ে লেখ:

غ-ف-ح-م-ب-ز-ق-ص-ط-و-ه-ى

৪। হুরূফে শামসিয়্যাহ ও কামারিয়্যাহ এর ৫টি করে উদাহরণ লেখ।

৫। সঠিক উত্তরটি লেখ :

ক) হুরূফে শামসিয়্যাহ কতটি ? ১০টি/১২টি/১৪টি/১৫টি।

খ) হুরূফে কামারিয়্যাহ কতটি ? ১১টি/ ১৪টি/১৫টি/২৮টি।

গ) কোনটিতে শামসিয়্যাহ আছে ? الحمد/المدح/الدهر

ঘ) কোনটিতে কামারিয়্যাহ আছে ? الثمر/التمر/الباب

ঙ) কোনটিতে কামারিয়্যাহ নেই ? القلم/الكتاب/السماء

## ষষ্ঠ পাঠ

## ওয়াজিব গুন্নাহর পরিচয় ও বিভিন্ন শব্দে তার উদাহরণ

**শিক্ষক নির্দেশিকা :**
শিক্ষক মহোদয় ওয়াজিব গুন্নাহর মাখরাজ বর্ণনাসহ তা আদায় করে শিক্ষার্থীদেরকে শোনাবেন এবং ভালভাবে মশ্‌ক করাবেন ।

### ওয়াজিব গুন্নাহ

নাকের বাঁশি হতে যা উচ্চারিত হয় তাকে গুন্নাহ বলে। হরকতের পরে নুন বা মিম হরফের উপর তাশদিদ হলে উক্ত নুন ও মিমকে গুন্নাহ করে পড়া ওয়াজিব। এরূপ গুন্নাহকে ওয়াজিব গুন্নাহ বলা হয়। যেমন :

اِنَّ ـ اَنَّ ـ اِنَّمَا ـ مِمَّا ـ اُمَّةٌ ـ اُمٌّ ـ جَنَّةٌ ـ جَهَنَّمُ ـ رَبِّ النَّاسِ ـ حَمَّالَةٌ ـ اَللّٰهُمَّ ـ
يَحْسَبَنَّ ـ مُحَمَّدٌ ـ لَيُنْبَذَنَّ ـ بِالْخُنَّسِ ـ اَلْجَوَارِ الْكُنَّسِ ـ ـ اِنَّا زَيَّنَّا السَّمَآءَ ـ
شَرِّ النَّفّٰثّٰتِ ـ جِنَّةٌ ـ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ـ تَمَنّٰى ـ مَكَّنَّا ـ كُنَّا ـ سَرِّحُوْهُنَّ ـ اِمَّا ـ
لٰكِنَّ ـ وَلِاُتِمَّ ـ عَمَّا ـ مِنَّا ـ اِنَّكَ ـ اِنَّهُ ـ اِنَّكُمْ ـ عَنِ النَّعِيْمِ

**অনুশীলনী**

১। ওয়াজিব গুন্নাহ কাকে ?
২। তাশদিদযুক্ত নুন দিয়ে ৫টি শব্দ লেখ।
৩। তাশদিদযুক্ত মিম দিয়ে ৫টি শব্দ লেখ।
৪। নিচের শব্দগুলোতে যেখানে ওয়াজিব গুন্নাহ করতে হবে তার নিচে দাগ দাও :

حَمَّالَةٌ ـ فَاُمُّهُ هَاوِيَةٌ ـ حُبًّا جَمًّا ـ جَنَّةٌ ـ اِنَّا زَيَّنَّا ـ مُحَمَّدٌ ـ لَيُنْبَذَنَّ ـ تَمَنّٰى ـ مَكَّنَّا
ـ اِنَّكُمْ ـ عَنِ النَّعِيْمِ ـ اَللّٰهُمَّ ـ لٰكِنَّ ـ بِالنَّاصِيَةِ

২০১৮

৫। নিচের আয়াতগুলোর মধ্যে ওয়াজিব গুন্নাহ নির্ণয় কর:

مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ○ اَلَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ ○ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ

فِى الْعُقَدِ ○ وَامْرَاَتُهٗ حَمَّالَةَ الْحَطَبِ ○ اِنَّهٗ كَانَ تَوَّابًا۔

৬। সংক্ষেপে উত্তর দাও:

ক. কোন কোন হরফে তাশদিদ হলে ওয়াজিব গুন্নাহ হয়?

খ. قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ আয়াতের কয়টি ওয়াজিব গুন্নাহ আছে?

গ. عَمَّ يَتَسَاءَلُوْنَ ○ عَنِ النَّبَاِ الْعَظِيْمِ ○ আয়াত দুটির কোন কোন শব্দে ওয়াজিব গুন্নাহ হবে?

## সপ্তম পাঠ

## ছোট ছোট বাক্যের একত্রে উচ্চারণ

**শিক্ষক নির্দেশিকা :**
শিক্ষক মহোদয় বাক্যগুলোর বানানসহ সহিহ উচ্চারণ শিখাবেন ।

مٰلِكِ يَوْمِ الدِّيْنِ ○ قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ○ اَللّٰهُ الصَّمَدُ ○
اِنَّهٗ كَانَ تَوَّابًا ○ فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ ○ اِنَّ الْاِنْسَانَ لَفِيْ
خُسْرٍ ○ كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ○ فَاُمُّهٗ هَاوِيَةٌ ○ وَهٰذَا الْبَلَدِ
الْاَمِيْنِ ○ اِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ○ وَاَمَّا السَّآئِلَ فَلَا تَنْهَرْ
○ وَلَسَوْفَ يَرْضٰى ○ فَعَّالٌ لِّمَا يُرِيْدُ ○ فَاِذَا جَآءَتِ الطَّآمَّةُ
الْكُبْرٰى ○ خَيْرًا يَّرَهٗ ○ اَبْصَارُهَا خَاشِعَةٌ ○ غُثَآءً اَحْوٰى
○ تُسْقٰى مِنْ عَيْنٍ اٰنِيَةٍ ○ لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ ○ سُبْحٰنَ
رَبِّيَ الْاَعْلٰى ○ سَمِعَ اللّٰهُ لِمَنْ حَمِدَهٗ ○ رَبِّ ارْحَمْهُمَا كَمَا
رَبَّيَانِيْ صَغِيْرًا ○ ذٰلِكَ الْكِتَابُ لَارَيْبَ فِيْهِ ○ وَهُوَ الْغَفُوْرُ

২০২৪

الرَّحِيْمُ ○ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ○ وَتُحِبُّوْنَ الْمَالَ

حُبًّا جَمًّا ○ وَلَقَدْ كَرَّمْنَا بَنِىْٓ اٰدَمَ ○ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ

○ اِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ○

## অনুশীলনী

১। ছোট ছোট ৩ টি আয়াত মুখস্থ বল।

২। رَبِّ ارْحَمْهُمَا এর পরের অংশটি কী?

৩। নিচের আয়াতগুলো সহিহভাবে পড়:

اَرَءَيْتَ الَّذِىْ يُكَذِّبُ بِالدِّيْنِ ○ اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ○

اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِاَصْحٰبِ الْفِيْلِ ○ فَجَعَلَهُمْ

كَعَصْفٍ مَّاْكُوْلٍ ○ اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ○

## দ্বিতীয় অধ্যায়
## হিফ্‌জ ও লেখা

**শিক্ষক নির্দেশিকা :**

শিক্ষক মহোদয় প্রতিদিন একটি করে আয়াত সহিহ উচ্চারণসহ মুখস্থ করাবেন এবং একটি সুরা শেষ হলে পূর্ণাঙ্গ সুরা মুখস্থ শুনবেন। আর বোর্ডে ১টি করে আয়াত লিখে তা শিক্ষার্থীদের লিখতে বলবেন এবং বাড়ি থেকে কয়েকবার লিখে আনতে বলবেন। এভাবে একটি সুরা শেষ হলে পূর্ণ সুরা লিখতে বলবেন।

### ১ম পাঠ

### সুরাতুল ফাতিহা (১) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা-৭

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ [لا] ﴿١﴾ الرَّحْمٰنِ الرَّحِيْمِ [لا] ﴿٢﴾
مٰلِكِ يَوْمِ الدِّيْنِ [ط] ﴿٣﴾ اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ [لا]
﴿٤﴾ اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ [لا] ﴿٥﴾ صِرَاطَ الَّذِيْنَ
اَنْعَمْتَ عَلَيْهِمْ [٥ لا] ﴿٦﴾ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا
الضَّآلِّيْنَ [ع] ﴿٧﴾

২০১৯

## ২য় পাঠ

## সুরাতুন নাসর (১১০) (মদিনায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৩

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

اِذَا جَآءَ نَصۡرُ اللّٰهِ وَالۡفَتۡحُ ﴿۱﴾ وَرَاَيۡتَ النَّاسَ يَدۡخُلُوۡنَ

فِىۡ دِيۡنِ اللّٰهِ اَفۡوَاجًا ﴿۲﴾ فَسَبِّحۡ بِحَمۡدِ رَبِّكَ وَاسۡتَغۡفِرۡهُ

اِنَّهٗ كَانَ تَوَّابًا ﴿۳﴾

## ৩য় পাঠ

## সুরাতুল লাহাব (১১১) (মদিনায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৫

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

تَبَّتۡ يَدَاۤ اَبِىۡ لَهَبٍ وَّتَبَّ ﴿۱﴾ مَاۤ اَغۡنٰى عَنۡهُ مَالُهٗ وَمَا

كَسَبَ ﴿۲﴾ سَيَصۡلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ﴿۳﴾ وَّامۡرَاَتُهٗ

حَمَّالَةَ الْحَطَبِ ۚ ﴿٤﴾ فِيْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ ۚ
﴿٥﴾

৪র্থ পাঠ

সুরাতুল ইখলাস (১১২) (মক্কায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৪

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ هُوَ اللهُ اَحَدٌ ۚ ﴿١﴾ اَللهُ الصَّمَدُ ۚ ﴿٢﴾ لَمْ يَلِدْ ۙ
وَلَمْ يُوْلَدْ ۙ ﴿٣﴾ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۚ ﴿٤﴾

৫ম পাঠ

সুরাতুল ফালাক (১১৩), (মদিনায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৫

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ۙ ﴿١﴾ مِنْ شَرِّ مَا خَلَقَ ۙ ﴿٢﴾

وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ [لا] ﴿٣﴾ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِي
الْعُقَدِ [لا] ﴿٤﴾ وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ [ع] ﴿٥﴾

## ৬ষ্ঠ পাঠ

### সুরাতুন নাস (১১৪), (মদিনায় অবতীর্ণ)

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৬

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ [لا] ﴿١﴾ مَلِكِ النَّاسِ [لا] ﴿٢﴾ اِلٰهِ
النَّاسِ [لا] ﴿٣﴾ مِنْ شَرِّ الْوَسْوَاسِ [٥] الْخَنَّاسِ [ص] ﴿٤﴾
الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ [لا] ﴿٥﴾ مِنَ الْجِنَّةِ
وَالنَّاسِ [ع] ﴿٦﴾

### অনুশীলনী

১। সুরাতুল ফাতিহা মুখস্থ লিখ।
২। সুরাতুল লাহাব মুখস্থ লিখ।
৩। সুরাতুল ইখলাস মুখস্থ লিখ।

৪। সুরাতুল ফালাক মুখস্থ বল।

৫। সুরাতুন নাস মুখস্থ বল।

### ৬। শূন্যস্থান পূরণ কর :

مٰلِكِ ..... الدِّيْنِ ۔ اِيَّاكَ ...... وَاِيَّاكَ نَسْتَعِيْنُ ۔ غَيْرِ .....

عَلَيْهِمْ وَلَا ....... ـــ مَآ اَغْنٰى ....... مَالُهٗ وَمَا ...... ـــ فِىْ

جِيْدِهَا..... مِّنْ مَّسَدٍ۔لَمْ يَلِدْ وَلَمْ ......وَلَمْ يَكُنْ لَّهٗ.......

اَحَدٌ ۔ قُلْ اَعُوْذُ...... الْفَلَقِ ۔ وَمِنْ شَرِّ ....... اِذَا وَقَبَ ۔

الَّذِىْ...... فِىْ صُدُوْرِ النَّاسِ۔مِنَ الْجِنَّةِ......۔

### ৭। সংক্ষেপে উত্তর দাও :

ক. اِنَّهٗ كَانَ تَوَّابًا কোন সুরার আয়াত?

খ. مَآ اَغْنٰى عَنْهُ আয়াতের বাকি অংশ লেখ।

গ. لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ এর পরের আয়াতটি লেখ।

ঘ. وَمِنْ شَرِّ حَاسِدٍ আয়াতের বাকি অংশ লেখ।

ঙ. اِهْدِنَا ـــــــــــــ الْمُسْتَقِيْمِ ফাঁকা জায়গায় কী হবে?

চ. সুরাতুল ইখলাসের প্রথম আয়াত লেখ।

ছ. সুরাতুল ফাতিহার মোট আয়াত সংখ্যা কত?

জ. সুরাতুন নাস এর শেষ আয়াত লেখ।

২০১৯

# তৃতীয় অধ্যায়
# তাজভিদ

**শিক্ষক নির্দেশিকা ঃ**
ইলমে তাজভিদ পাঠদান করার সময় শিক্ষক মহোদয় তাজভিদের কায়েদাগুলো পড়ানোর পাশাপাশি শিক্ষার্থীরা এসব কায়দা প্রয়োগ করে শুদ্ধ উচ্চারণ করতে পারে কি না সেদিকে লক্ষ্য রাখবেন। বোর্ডে বেশি বেশি উদাহরণ দিয়ে প্রতিটি কায়দা চর্চা করাবেন।

## প্রথম পাঠ
## মাখরাজ

আরবি হরফ উচ্চারণের স্থানকে মাখরাজ বলে। আরবি হরফ ২৯টি। মাখরাজ ১৭টি। এ ১৭টি মাখরাজ মুখের ৫টি স্থান হতে বের হয়। নিম্নে মাখরাজগুলো বর্ণনা করা হলো।

**১ নম্বর মাখরাজ–** হলকের শুরু হতে ء–ه উচ্চারিত হয়।

**২ নম্বর মাখরাজ–** হলকের মধ্যভাগ হতে ع–ح উচ্চারিত হয়।

**৩ নম্বর মাখরাজ–** হলকের শেষভাগ হতে غ–خ উচ্চারিত হয়।

**৪ নম্বর মাখরাজ–** জিহ্বার গোড়া তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে ق উচ্চারিত হয়।

**৫ নম্বর মাখরাজ–** জিহ্বার গোড়া হতে একটু আগে বাড়িয়ে তার উপরের তালুর সঙ্গে লাগিয়ে ك উচ্চারিত হয়।

**৬ নম্বর মাখরাজ–** জিহ্বার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে ج–ش–ى উচ্চারিত হয়।

**৭ নম্বর মাখরাজ–** জিহ্বার গোড়ার কিনারা উপরের মাড়ির দাঁতের গোড়ার সাথে লাগিয়ে ض উচ্চারিত হয়।

২০১৫

৮ নম্বর মাখরাজ– জিহ্বার আগার কিনারা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সাথে লাগিয়ে ل উচ্চারিত হয়।

৯ নম্বর মাখরাজ– জিহ্বার আগা তার বরাবর উপরের তালুর সাথে লাগিয়ে ن উচ্চারিত হয়।

১০ নম্বর মাখরাজ– জিহ্বার মাথার উল্টো পিঠ উপরের তালুর সাথে লাগিয়ে ر উচ্চারিত হয়।

১১ নম্বর মাখরাজ– জিহ্বার আগা সামনের উপরের দাঁতের গোড়ায় লাগিয়ে – ط د – ت উচ্চারিত হয়।

১২ নম্বর মাখরাজ– জিহ্বার মাথা সামনের নিচের দুই দাঁতের আগার সাথে লাগিয়ে ز – س – ص উচ্চারিত হয়।

১৩ নম্বর মাখরাজ– জিহ্বার আগা সামনের উপরের দাঁতের মাথার সাথে লাগিয়ে ث-ذ – ظ উচ্চারিত হয়।

১৪ নম্বর মাখরাজ– নিচের ঠোঁটের পেট উপরের দুই দাঁতের আগার সাথে লাগিয়ে ف উচ্চারিত হয়।

১৫ নম্বর মাখরাজ– দুই ঠোঁটের মাঝখান হতে و – م – ب উচ্চারিত হয়।

১৬ নম্বর মাখরাজ– মুখের খালি জায়গা হতে মাদ্দের হরফ (ا - و - ي) পড়া হয়।

১৭ নম্বর মাখরাজ– নাকের বাঁশি হতে গুন্নাহ উচ্চারিত হয়।

## অনুশীলনী

১। আরবি হরফসমূহের মাখরাজ কয়টি ?

২। যে হরফগুলো হলক থেকে উচ্চারিত হয় সেগুলো কয়টি ও কী কী ?

৩। হরফগুলোর মাখরাজ লেখ: ع-ض-ث-ف-ي-م

৪। ط-د-ت এর মাখরাজ কোথায় ?

৫। সঠিক উত্তরটি লেখ।

(ক) ق এর মাখরাজ –

(১) জিহ্বার অগ্রভাগ, (২) হলকের মধ্যভাগ
(৩) হলকের অগ্রভাগ (৪) জিহ্বার গোড়া।

(খ) জিহ্বার মধ্যখান উপরের তালুর সাথে লাগিয়ে উচ্চারিত হয়-

(১) ط-د-ت (২) ص-س-ز
(৩) ج-ش-ي (৪) و-ب-م

(গ) ع ও ح এর মাখরাজ –

(১) হলকের অগ্রভাগ (২) জিহবার তালু
(৩) হলকের মধ্যভাগ (৪) হলকের শেষভাগ

(ঘ) দুই ঠোঁটের মধ্যভাগ থেকে উচ্চারিত হয়-

(১) و-ب-م (২) ط-د-ت
(৩) ص-س-ز (৪) ظ-ذ-ث

(ঙ) মাদ্দের হরফ পড়া হয়-

(১) নাকের বাঁশি থেকে (২) হলকের শুরু থেকে
(৩) মুখের খালি জায়গা থেকে (৪) দুই ঠোঁট হতে।

৬। শূন্যস্থান পুরণ কর :

(ক) জিহবার অগ্রভাগের পিঠ উপরের তালুতে লাগিয়ে উচ্চারণ করতে হয়...........।

(খ) গুন্নাহ এর মাখরাজ ............।

(গ) দু'ঠোটের মধ্য হতে ........... উচ্চারণ করতে হয়।

(ঘ) ل ...... নম্বর মাখরাজের হরফ ।

(ঙ) জিহ্বার মাথার ........ সাথে লাগিয়ে উচ্চারিত হয়।

(চ) হলকের ................ উচ্চারিত غ-خ

(ছ) ...........উপরের দাঁতের মাথার সাথে লাগিয়ে ث উচ্চারিত হয়।

## ৭। সঠিক/ভুল নির্ণয় কর:

ক. নাকের বাঁশি থেকে মাদ্দের হরফ পড়া হয়।

খ. দুই ঠোঁট হতে ب-و-م উচ্চারিত হয়।

গ. জিহ্বার গোড়া থেকে ر উচ্চারিত হয়।

ঘ. মুখের খালি জায়গা হতে গুন্নাহ উচ্চারিত হয়।

ঙ. হলকের শুরু হতে ء-ه উচ্চারিত হয়।

চ. জিহ্বার গোড়ার কিনারা উপরের মাড়ির দাঁতের গোড়ার সাথে লাগিয়ে ل উচ্চারিত হয়।

ছ. ن - ১০ নম্বর মাখরাজের হরফ।

## দ্বিতীয় পাঠ
## মাদ্দ

### মাদ্দ (مد) এর পরিচয়:

মাদ্দ (مد) অর্থ– টেনে পড়া। শ্বাস না ছেড়ে একই শ্বাসে কোন হরফের হরকতকে দীর্ঘ করে পড়াকে মাদ্দ বলে।

### মাদ্দ (مد) এর হরফ :

মাদ্দ এর হরফ ৩টি। যথা : و-ا-ى

যবরের বাম পাশে খালি আলিফ (بَا) , পেশের বাম পাশে জযমবিশিষ্ট ওয়াও (جُوْ), যেরের বাম পাশে জযমযুক্ত ইয়া (لِيْ) হলে ঐ যবর, যের ও পেশকে এক আলিফ টেনে পড়তে হয়। যেমন : نُوْحِيْهَا

### মাদ্দ (مد) এর প্রকার :

মাদ্দ প্রধানত তিন প্রকার। যথা-

১। এক আলিফ মাদ্দ ২। তিন আলিফ মাদ্দ ৩। চার আলিফ মাদ্দ

### মাদ্দ (مد) এর চিহ্ন :

প্রত্যেক মাদ্দের জন্য পৃথক পৃথক চিহ্ন আছে। চিহ্নগুলো হলো:

**এক আলিফ মাদ্দ :** এক আলিফ মাদ্দের চিহ্ন হলো হরফে খাড়া যবর (ـٰ), খাড়া যের (ـٖ), উল্টা পেশ (ـٗ) হওয়া। যেমন : لَهٗ — بِهٖ — اِلٰى

**তিন আলিফ মাদ্দ :** তিন আলিফ মাদ্দ এর চিহ্ন হলো (~) যেমন : وَمَآ اُنْزِلَ

**চার আলিফ মাদ্দ :** চার আলিফ মাদ্দ এর চিহ্ন হলো (ٓ) যেমন : وَلَاالضَّآلِّيْنَ

বি:দ্র: শিক্ষক মহোদয় বোর্ডে মাদ্দের চিহ্নগুলো এঁকে শিক্ষার্থীদেরকে ভালোভাবে বুঝিয়ে দিবেন।

## অনুশীলনী

১। মাদ্দ (مَدٌّ) শব্দের অর্থ কী ?

২। মাদ্দ কাকে বলে ?

৩। মাদ্দ এর হরফ কয়টি ও কী কী ?

৪। এক আলিফ মাদ্দের চিহ্ন কয়টি ও কী কী ?

৫। মাদ্দ প্রধানত কত প্রকার ও কী কী?

৫। সঠিক উত্তরটি লেখ :

(ক) মাদ্দ এর অর্থ –

(১) খাটো করে পড়া (২) জোরে জোরে পড়া

(৩) দীর্ঘ করে পড়া (৪) মনে মনে পড়া

(খ) মাদ্দের হরফ –

(১) তিনটি (২) চারটি

(৩) পাঁচটি (৪) সাতটি

(গ) এক আলিফ মাদ্দের চিহ্ন –

(১) তিনটি (২) চারটি

(৩) পাঁচটি (৪) ছয়টি

(ঘ) ( ٓ ) চিহ্নটি কয় আলিফ মাদ্দের চিহ্ন?

(১) এক (২) দুই

(৩) তিন (৪) চার আলিফ

(ঙ) ( ٗ ) এ চিহ্নটি কয় আলিফ মদ্দের চিহ্ন ?

(১) এক (২) দুই

(৩) তিন (৪) চার আলিফ

২০১৫

৬। নিচের শব্দগুলোর কোন হরফে মাদ্দ হবে তা নির্ণয় কর:

قَالَ۔قُلْ۔اِيْمَانٌ۔بَعْدُ۔لَهٗ۔اِلٰهٌ۔بِهٖ۔هُوَ۔مَآاُنْزِلَ

৭। নিচের কোন শব্দে কয় আলিফ পরিমাণ মাদ্দ করতে হবে:

خَلَقْنَا۔اَنْزَلْنَا۔طٰسٓمّٓ۔حٰمٓ۔قٓ۔نٓ۔مَآبًا

৮। সংক্ষেপে উত্তর দাও:

ক. কোনো হরফে খাড়া যবর থাকলে কয় আলিফ টানতে হয়?

খ. যবরের বাম পাশে খালি আলিফ থাকলে কয় আলিফ টানতে হয়?

গ. মাদ্দ প্রধানত কয় প্রকার?

ঘ. اَلْاٰيٰتُ শব্দে কয়টি মাদ্দ?

ঙ. اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ আয়াতে কয়টি মাদ্দ আছে?

চ. مَآاَغْنٰى এ শব্দের মধ্যে مَآ শব্দটিতে কয় আলিফ মাদ্দ?

ছ. يَدَآاَبِىْ এখানে يَدَآ এর د এ কয় আলিফ মাদ্দ?

জ. اِلٰهٌ এখানে কোন হরফে মাদ্দ হবে?

ঝ. النَّفّٰثٰتِ এখানে কয় আলিফ মাদ্দের কয়টি চিহ্ন আছে?

## ৩য় পাঠ

# নুন সাকিন ও তানভিনের পরিচয়

দুই যবর (ـً) , দুই যের (ـٍ) এবং দুই পেশ (ـٌ/ـٌ) কে তানভিন বলে।

জযমযুক্ত নুনকে নুন সাকিন বলে। যথা: (نْ/ نْ/ نْ)

নুন সাকিন ও তানভিন পড়ার চারটি নিয়ম রয়েছে। যথা :

১. ইজহার ২. ইকলাব ৩. ইদগাম ৪. ইখফা।

### ১। ইজহার (إظهار) :

ইজহার অর্থ স্পষ্ট করা। ইজহারের হরফ ৬টি। যথা :

غ-ع-خ-ح-ه-ء

নুন সাকিন বা তানভিনের পর এই ছয় হরফের যে কোন একটি হরফ আসলে সে নুন সাকিন ও তানভিনকে গুন্নাহ ব্যতীত স্পষ্ট করে পড়তে হয়। যথা :

| হরফ | উদাহরণ | |
|---|---|---|
| ء | مِنْ اَجَلٍ | عَذَابٌ اَلِيْمٌ |
| ه | مَنْ هُوَ | كُلًّا هَدَيْنَا |
| ح | مِنْ حَقٍّ | عَزِيْزٌ حَكِيْمٌ |
| خ | مِنْ خَيْرٍ | عَلِيْمٌ خَبِيْرٌ |
| ع | يَنْعِقُ | عَذَابٌ عَظِيْمٌ |
| غ | يُنْغِضُوْنَ | عَزِيْزٌ غَفُوْرٌ |

২০২৫

## ২। ইকলাব (إِقْلَاب) :

ইকলাব অর্থ পরিবর্তন করা। ইকলাবের হরফ ১টি। যথা : ب

নুন সাকিন বা তানভিনের পরে ب হরফ আসলে নুন সাকিন ও তানভিনকে م হরফে রূপান্তর করে গুন্নাহসহ পড়তে হয়।

যেমন : مِنْۢ بَاْسٍ - مِنْۢ بَعْدِ - سَمِيْعٌۢ بَصِيْرٌ

## ৩। ইদগাম (إِدْغَام) :

ইদগাম অর্থ মিলিয়ে পড়া। ইদগামের হরফ ৬টি। যথা : ي-ر-م-ل-و-ن

ইদগাম ২ প্রকার। যথা :

(১) ইদগামে বা-গুন্নাহ তথা গুন্নাহসহ মিলিয়ে পড়া।

(২) ইদগামে বিলা গুন্নাহ তথা গুন্নাহ ছাড়া মিলিয়ে পড়া।

### (১) ইদগামে বা-গুন্নাহ :

ইদগামে বা-গুন্নাহ এর হরফ ৪টি। যথা : ي-م-ن-و

নুন সাকিন বা তানভিনের পর ي-م-ن-و এর কোনো হরফ আসলে গুন্নাহসহ মিলিয়ে পড়তে হয়। যেমন :

| হরফ | উদাহরণ | |
|---|---|---|
| م | مِنْ مَّسَدٍ | قَوْمٌ مُّجْرِمُوْنَ |
| ن | مِنْ نَّفْعِهِ | سُلْطَانًا نَّصِيْرًا |
| و | مِنْ وَّالٍ | لَهَبٍ وَّامْرَاَتُهُ |
| ي | مَنْ يَّفْعَلُ | قَوْمٌ يَّعْقِلُوْنَ |

### (২) ইদগামে বিলা গুন্নাহ :

ইদগামে বিলা গুন্নাহ এর হরফ ২টি। যথা : ر ـ ل

নুন সাকিন বা তানভিনের পর ر ـ ل এর কোনো এক হরফ আসলে গুন্নাহ ছাড়া মিলিয়ে পড়তে হয়। যেমন :

| হরফ | উদাহরণ | |
|---|---|---|
| ر | عَزِيْزٌ رَّحِيْمٌ | مِنْ رَّبِّكَ |
| ل | خَيْرٌ لَّكُمْ | مَنْ لَّمْ يَحْكُمْ |

### ৪। ইখফা (إِخْفَاء) :

ইখফা অর্থ গোপন করা। ইখফার হরফ ১৫টি। যথা :

ت ـ ث ـ ج ـ د ـ ذ ـ ز ـ س ـ ش ـ ص ـ ض ـ ط ـ ظ ـ ف ـ ق ـ ك

নুন সাকিন বা তানভিনের পর এ ১৫ হরফের কোনো এক হরফ আসলে নুন সাকিন ও তানভিনকে গুন্নাহসহ গোপন করে পড়তে হয়। যেমন :

| হরফ | উদাহরণ | | হরফ | উদাহরণ | |
|---|---|---|---|---|---|
| ت | اَنْتُمْ | قَوْمًا تَجْهَلُوْنَ | ص | فَانْصَبْ | صَفًّا صَفًّا |
| ث | اُنْثٰى | قَوْلًا ثَقِيْلًا | ض | مِنْ ضَرِيْعٍ | قَوْمًا ضَالِّيْنَ |
| ج | مِنْ جُوْعٍ | سَعِيْدًا جُرُزًا | ط | يَنْطِقُ | كَشَجَرَةٍ طَيِّبَةٍ |
| د | مِنْ دِيَارِهِمْ | كَاْسًا دِهَاقًا | ظ | يَنْظُرُوْنَ | بِبَعْضٍ ظَهِيْرًا |
| ذ | مُنْذِرِيْنَ | نَارًا ذَاتَ | ف | اَنْفُسَكُمْ | عُنُقٍ فَهُمْ |
| ز | اُنْزِلَ | نَفْسًا زَكِيَّا | ق | مِنْ قَبْلُ | شَيْءٍ قَدِيْرٍ |
| س | مِنْ سِجِّيْلٍ | قَوْلًا سَدِيْدًا | ك | اِنْ كُنْتُمْ | رِزْقًا كَرِيْمًا |
| ش | مِنْ شَرٍّ | سَبْعًا شِدَادًا | | | |

২০২৫

## অনুশীলনী

১। ইজহার অর্থ কী? কখন নুন সাকিন ও তানভিন ইজহার করে পড়তে হয়?
২। ইজহারের হরফ কয়টি ও কী কী?
৩। ইদগাম অর্থ কী ?
৪। ইখফা অর্থ কী? ইখফার হরফ কয়টি ও কী কী?
৫। সঠিক উত্তরটি লেখ :

(১) ইজহারের হরফ কয়টি?
- (ক) ৩টি
- (খ) ৪টি
- (গ) ৫টি
- (ঘ) ৬টি।

(২) ইখফা অর্থ কী?
- (ক) স্পষ্ট করে পড়া
- (খ) গোপন করে পড়া
- (গ) জোরে জোরে পড়া
- (ঘ) আস্তে আস্তে পড়া

(৩) ينظرون কিসের উদাহরণ?
- (ক) ইজহারের
- (খ) ইকলাবের
- (গ) ইখফার
- (ঘ) ইদগামের

(৪) ইকলাব (إقلاب) এর হরফ কোনটি?
- (ক) ج ও ب
- (খ) ع-ح
- (গ) س
- (ঘ) ب

(৫) ইকলাব অর্থ কী?
- (ক) স্পষ্ট করা
- (খ) পরিবর্তন করা
- (গ) গোপন করা
- (ঘ) মিলিয়ে পড়া

(৬) কোনটি ইকলাবের উদাহরণ?
- (ক) عَلِيْمٌ خَبِيْرٌ
- (খ) مِنْ دُبُرٍ
- (গ) مَنْ يَفْعَلُ
- (ঘ) مِنْ بَعْدِ

(৭) কোনটি ইখফার উদাহরণ?
- (ক) جُنُبٌ
- (খ) لِمَنْ ضَلَّ
- (গ) مِنْ نَفْعِهٖ
- (ঘ) مِنْ خَيْرٍ

(৮) مِنْ قَبْلُ শব্দটি কিসের উদাহরণ?
- (ক) ইকলাব
- (খ) ইদগাম
- (গ) ইজহার
- (ঘ) ইখফা

২০১৫

৬। শূন্যস্থান পূরণ কর :

(ক) নুন সাকিন ও তানভিন পাঠের .............নিয়ম রয়েছে।

(খ) مِن بَعد .............এর উদাহরণ

(গ) ইদগাম অর্থ ............. ।

(ঘ) ইখফার হরফ মোট ............ টি।

(ঙ) ইদগাম বা-গুন্নাহ অর্থ ......... মিলিয়ে পড়া।

(চ) ইদগামে বিলা-গুন্নাহর হরফ ...... টি।

(ছ) ي-م-ن-و ইদগামে ........ এর হরফ।

(জ) ইকলাবের হরফ ১টি। যথা........ ।

(ঝ) নুন সাকিনের পরে ب আসলে ........ দ্বারা পরিবর্তন করতে হয়।

(ঞ) سُلْطَانًا نَّصِيْرًا ....... এর উদাহরণ।

(চ) غَفُوْرٌ رَّحِيْمٌ ............ এর উদাহরণ।

৭। ইদগাম বা-গুন্নাহ এবং ইদগাম বিলা-গুন্নাহ এর দুইটি করে উদাহরণ দাও।

৮। ইজহার ও ইখফার হরফগুলো চিহ্নিত কর :

ب-ح-ص-خ-ه-ط-ف-ع-ة-ق-ش

## নমুনা প্রশ্ন

## বার্ষিক পরীক্ষা

## ইবতেদায়ি ২য় শ্রেণি

## বিষয় : কুরআন মাজিদ ও তাজভিদ

সময়: ২.০০ ঘন্টা — পূর্ণমান: ১০০

### লিখিত- ৬০

**১। যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :** ২×৫ = ১০

ক) কয়টি হরফ ডানে-বামে মিলিত হয় এবং কয়টি বামে মিলিত হয় না, হরফগুলো লেখ?

খ) হরফগুলো পৃথক করে লেখ– ينظرون—مغضوب—ضلالة—نستعين—مستضعفين

গ) অতিরিক্ত হরফটি খাতায় লেখ

ستجدوني = س+ت+ج+د+و+ر+ن+ي , ربكم = ر+ب+ك+ي+م , , الناس = ا+ل+م+ن+ا+س ,
قاموا = ق+ا+ب+م+و+ا , رعد = ر+ع+ع+د

ঘ) শূন্যস্থান পূরণ কর :

مُفْلِحُوْنَ = م+ف+ل+ح+......+ن, يُرِيْدُ = ي+ر+.....+د, غُثَاءً = غ+ث+......+ء, سُوْءٌ = س+
.....+ء, جَاءَ = ج+.....+ء-

**২। যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও:** ২×৫ = ১০

ক) হরকত, তানভিন ও সুকুনের পরিচয় ও চিহ্নগুলো লেখ।

খ) যবর দিয়ে মিলিয়ে লেখ– ن ص ر—د ر س—ذ ك ر—ش ك ر—أ م ر

গ) প্রথম হরফে পেশ, মাঝের হরফে যের ও শেষ হরফে যবর দিয়ে মিলিয়ে লেখ :

ث خ م—ج ع ل—ح م ل—خ ل ط—د ف ع

**৩। যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :** ২×৫ = ১০

ক) তাশদিদ কাকে বলে? এর চিহ্ন ও অবস্থান লেখ। খ) হুরুফে শামসিয়্যাহ কাকে বলে? তা কয়টি ও কী কী?

গ) ওয়াজিব গুন্নাহর নিচে দাগ দাও।

○ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِي الْعُقَدِ ○ الَّذِيْ يُوَسْوِسُ فِيْ صُدُوْرِ النَّاسِ ○ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ

**৪। মুখস্থ লেখ (যে কোনো দুইটি) :** **২×৫ = ১০**

ক) সুরাতুন নাসর

খ) সুরাতুল লাহাবের প্রথম তিন আয়াত

গ) সুরাতুন নাস এর শেষ দুই আয়াত

**৫। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:** **২×৫ = ১০**

ক) আগত হরফগুলোর মাখরাজ লেখ– ض–ع

খ) মাদ্দ কাকে বলে? মাদ্দের চিহ্নগুলো লেখ।

গ) ইজহারের দুইটি উদাহরণ দাও।

ঘ) ইখফার হরফগুলো লেখ।

ঙ) ইদগামের হরফগুলো লেখ।

চ) ইকলাবের দুইটি উদাহরণ দাও।

ছ) আগত শব্দগুলো কিসের উদাহরণ লেখ– مِنْ خَيْرٍ–مَنْ رَّبُّكَ

**৬। সুন্দর করে লেখ (যে কোনো দুইটি) :** **২×৫ = ১০**

১. وَرَاَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ فِيْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا

২. صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ

৩. وَامْرَاَتُهُ حَمَّالَةَ الْحَطَبِ فِيْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ

## মৌখিক- ৪০

১। নিচের শব্দগুলোর হরফের নাম বল- ينصر–اولئك–يضحكون–كيف–لسبح ১০

২। বানান বল –مَصْفُوْفَةٌ–كَعَصْفٍ–مُؤْصَدَةٌ–خَوْفٍ سُعِّرَتْ ১০

৩। সুরাতুল লাহাব সহিহভাবে মুখস্থ বল। ১০

৪। ইজহারের কায়দা উদাহরণসহ বল। ১০

# শিক্ষক নির্দেশিকা

আল্লাহ তাআলা কুরআন মাজিদে মানবজীবনের সকল বিষয়ের নির্দেশনা প্রদান করেছেন। এ মহাগ্রন্থে যেমনি ভাবে মানব জীবনের আত্মিক বিষয়ের বর্ণনা দেওয়া হয়েছে, তেমনিভাবে মানুষের পার্থিব কর্মকাণ্ডের স্পষ্ট বিধানাবলির বিবরণও দেয়া হয়েছে। কুরআন মাজিদের এসব বিষয়াবলি জানার জন্য কুরআন মাজিদ অধ্যয়ন করা অত্যাবশ্যক। এ উদ্দেশ্যেই মাদ্রাসা শিক্ষার সর্বস্তরের শিক্ষার্থীদের জন্য কুরআন মাজিদকে শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে।

কুরআন মাজিদ শিক্ষাদান পদ্ধতিতে এ পর্যন্ত গতানুগতিক ধারা অনুসৃত হয়ে আসছে। কিন্তু মানবজীবন গতিশীল এবং তার কর্মকাণ্ডের ধারাও পরিবর্তনশীল হওয়ায় শিক্ষাদান ব্যবস্থায়ও বিশ্বব্যাপী আমূল পরিবর্তন সূচিত হয়েছে। সেজন্য বিশ্বব্যাপী আর্থ-সামাজিক অবস্থার বিশেষ পরিবর্তন, নৈতিক শিক্ষার প্রয়োজন এবং জাতীয় ঐতিহ্যের প্রেক্ষিতে, সরকার কর্তৃক জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুমোদিত হয়েছে। এ শিক্ষানীতির আলোকে কুরআন মাজিদ শিক্ষাকে বাস্তবমুখী, জীবনঘনিষ্ঠ, ফলপ্রসু এবং শিক্ষার্থীদেরকে আধুনিক মনস্ক, কর্তব্যপরায়ণ, দক্ষকর্মী, মূল্যবোধসম্পন্ন, দেশপ্রেমিক, সৎ ও যোগ্য সুনাগরিক করে গড়ে তোলার উদ্দেশ্যে এই পাঠ্য পুস্তকটি প্রণয়ন করা হয়েছে।

ইবতেদায়ি প্রথম শ্রেণির উপযোগী করে এ পুস্তকটিতে কারিকুলামের নির্দেশনা অনুযায়ী কুরআন মাজিদ পঠন পদ্ধতি শিক্ষার জন্য হরফ পরিচিত, হরকত, তানভিন, সুকুন ও তাশদিদের পরিচয় এবং ব্যবহার ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়েছে। সাথে মুখস্থ করার জন্য কয়েকটি সুরা দেয়া হয়েছে। অধ্যায়/পাঠ শেষে অনুশীলনী সংযোজন করা হয়েছে। পুস্তকটির শেষ ভাগে শ্রেণি উপযোগী তাজভিদ অংশ সংযোজন করা হয়েছে।

পাঠদান প্রক্রিয়া, শিক্ষার্থীদেরকে পাঠ আয়ত্ত্ব করানো এবং পাঠের প্রতি আগ্রহ সৃষ্টি করা শিক্ষকের নিজস্ব কৌশল প্রয়োগের উপর বহুলাংশে নির্ভরশীল। তা সত্ত্বেও সম্মানিত শিক্ষকের দৃষ্টি আকর্ষণের জন্য নিচে কিছু পরামর্শ প্রদান করা হলো:

২০১৫

১। কুরআন মাজিদ আল্লাহর কালাম বিধায় তা সর্বদা অজুর সাথে তেলাওয়াত করা হচ্ছে কি না তা তদারকি করা জরুরি।

২। কুরআন মাজিদ আল্লাহর কালাম বিধায় পুস্তকটির পাঠ আরম্ভ করার সময় ১/২টি ক্লাসে কুরআনের মাহাত্ম্য, মর্যাদা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা উপস্থাপন করা প্রয়োজন। যাতে শিক্ষার্থীদের মনে গ্রন্থটি অধ্যয়নের আগ্রহ সৃষ্টি হয়।

৩। প্রতিটি পাঠ শুরু করার পূর্বে পাঠের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান করা।

৪। শিক্ষার্থীদেরকে সুরাগুলো শিক্ষাদানের সময় সহিহ উচ্চারণের উপর গুরুত্বারোপ করতে হবে। তাজভিদের নিয়মগুলো বোর্ডে লিখে শিখাতে হবে।

৫। বিভিন্ন পার্বিক পরীক্ষা ছাড়াও পাক্ষিক ও মাসিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে পাঠ মূল্যায়নের ব্যবস্থা করা যেতে পারে।

৬। পরিশেষে শিক্ষক মহোদয়কে বলছি, একজন কর্তব্যপরায়ণ শিক্ষকের নিজস্ব উদ্ভাবিত কৌশলের কোনো বিকল্প নেই। কাজেই একজন নিষ্ঠাবান শিক্ষকই তার শিক্ষার্থীকে জ্ঞানার্জনে যোগ্য করে গড়ে তুলতে পারেন।

সমাপ্ত

২০১৯ শিক্ষাবর্ষের জন্য, ২য়-কুরআন

শিক্ষা মন্ত্রণালয়

# ক্ষমা করা উত্তম কাজ

–আল কুরআন

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারে ১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘণ্টা সার্ভিস) ফোন করুন

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য